আশা করি আপনারা বুঝতে পেরেছেন, না বুঝে থাকলে আমাকে জানাবেন। পরবর্তী অধ্যায়ে জাওয়ার পূর্বে আপনি আবার পূর্বের অধ্যায়সমূহ একটু ভালোভাবে দেখে নিন। কারণ পরবর্তী অধ্যায়ে IF Function এর জটিল বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে।

IF function এর সাথে AND ও OR এর ব্যবহার শিখুন

এই অধ্যায়ে আমি একটু জটিল ফাংশন নিয়ে আলোচনা করবো। এজন্য পূর্বের অধ্যায়সমূহ ভাল করে বোঝা আবশ্যিক, পূর্বের অধ্যায়সমূহ বুঝে না থাকলে সেগুলো আরো একবার অনুশীলন করে নিন। এখন আমরা যে শর্ত বা লজিক নিয়ে কাজ করবো সেটা সম্পর্কে বোঝার জন্য প্রথমেই আমরা একটি উদাহরণ তৈরি করে নিব। তবে আমাদের উদাহরণও আমরা রেজাল্ট সম্পর্কিত উদাহরণ দিব, কারণ আমরা সবাই প্রায়ই পরীক্ষার নিয়মের সাথে পরিচিত। তবে পরবর্তী অধ্যায়গুলোতে আমি বাস্তবভিত্তিক অন্য উদাহরণ দেওয়ার চেষ্টা করেছি।

Example:

মনে করি আমাদের এমন একটি রেজাল্ট প্রস্তুত করতে হবে, যেখানে শুধুমাত্র Studentরা পাস করেছে, নাকি ফেল করেছে এটা বের করতে পারলেই হবে। এজন্য আমাদের নিচের শর্তগুলো মেনে পাস ও ফেল বের করতে হবে।

১ম শর্ত: কোন ছাত্র/ছাত্রী ৪০ বা তার উপরে মার্কস পেলেই পাস করবে তবে তাকে আলাদা আলাদা ভাবে প্রতি বিষয়ে পাস করতে হবে। যে কোন এক বিষয়ে ফেল করলেই তাকে ফেল বলে গণ্য করা হবে।

২য় শর্ত: কোন ছাত্র/ছাত্রী ৪০ বা তার উপরে মার্কস পেলেই পাস করবে এবং যে কোন এক সাবজেক্টে পাস করলেই তাকে পাস বলে গণ্য করা হবে শুধুমাত্র তিন বিষয়ে একত্রে ফেল করলেই সে অকৃতকার্য বলে ধার্য করা হবে।

আশা করি উপরের শর্তগুলো বুঝতে কোন সমস্যা হয়নি, দেখা যায় ১ম শর্ত ফলো করে আমাদের এস.এস.সি/এইস.এস.সি রেজাল্ট গুলো তৈরি করা হয়। আর ২য় শর্ত কিছু অংশ অনার্স/ডিগ্রী এর রেজাল্টে ফলো করা হয়।

যদি এই ধরনের শর্ত থাকে অর্থাৎ আলাদা আলাদা ভাবে প্রতি বিষয়ে পাস বা ফেল এগুলো বিবেচনা করতে হবে তবে এসব ক্ষেত্রে আমাদের এক্সেল এ সূত্র তৈরি করার সময় AND বা OR function ব্যবহার করতে হবে। AND Function দ্বারা বোঝায় সবগুলো শর্ত বা লজিক সঠিক হলেই শুধুমাত্র AND Function টি সত্য বলে গণ্য করা হবে। যেমন:

Term 1	Term 2	Term 3	Result
True	True	True	=True
True	True	False	=False
True	False	False	=False
False	False	False	=False

আর অপরদিকে OR Function দ্বারা বোঝায় যে কোন একটি লজিক/ঘটনা সত্য হলেই, OR Function টি সত্য হবে। যেমন:

Term 1	Term 2	Term 3	Result
True	True	True	=True
True	True	False	=True
True	False	False	=True
False	False	False	=False

উদাহরণ হিসেবে আরো বলা যায়, তুমি এবং আমি একসাথে যাব। তুমি না গেলে আমি যাব না। (AND function)

তুমি অথবা আমি যাব। অর্থাৎ যে কোন একজন গেলেই চলবে। (OR function)

আশা করি, আপনাদের AND এবং OR ফাংশন সম্পর্কে মোটামুটি বুঝতে পেরেছেন। কোন কিছু বুঝতে না পারলে একের অধিক বার সেটা পড়ুন আশা করি বুঝতে পারবেন।

চলুন এবার আমরা আমাদের প্রধান সমস্যাটির সমাধান করার চেষ্টা করি:

Excel এ And function লেখার নিয়ম AND(শর্ত১, শর্ত২, শর্ত৩....)

Excel এ Or function লেখার নিয়ম OR(শর্ত১, শর্ত২, শর্ত৩....)

AND Function এর সমাধান:

প্রতি বিষয়ে আলাদা আলাদা ৪০ বা তার উপরে পেতে হবে অর্থাৎ বাংলা, ইংলিশ এবং অংকে ৪০ বা এর উপরে পেতে হবে।

শর্ত ১: বৃষ্টির বাংলার নম্বর ≥ 80

শর্ত ২: বৃষ্টির ইংরাজির নম্বর ≥ 80

শর্ত ৩: বৃষ্টির অংকের নম্বর ≥ 80

মনে আছে তো সবসময় প্রথমজনের ডাটা নিয়ে কাজ করতে হবে। তারপর Fill Handle ব্যবহার করতে হবে। এবার শর্তগুলোকে Cell Address দ্বারা পরিবর্তন করলে দাড়ায়

শর্ত ১: $B3 \geq 40$

শর্ত ২: $C3 \geq 40$

শর্ত ৩: $D3 \geq 40$

এবার এই শর্তগুলোকে AND Function এর ভিতরে বসিয়ে দিলে এমন হবে

$AND(B3 \geq 40, C3 \geq 40, D3 \geq 40)$ -দেখলেনতো কত সোজা And function তৈরি করা। এবার আমাদের And function ও If function একসাথে সমন্বয় করতে হবে। এজন্য আমরা এবার IF এর শর্ত লিখে নেব বাংলায় তারপর সেটিকে English এ কনভার্ট করে নিব।

যদি সবগুলি বিষয়ে পাস করে, তাহলে পাস, নাহলে ফেল

$=IF(AND(B3 \geq 40, C3 \geq 40, D3 \geq 40), "PROMOTED", "NOT Promoted")$

এখানে একটু লক্ষ্য করুন, সবগুলি বিষয়ে পাস এর বদলে আমি AND Function টি পুরোটা কপি করে দিয়েছি। ভালভাবে দেখলেই বুঝবেন And function দিয়েই কিন্তু আমরা সবগুলি বিষয়ে পাস করতে হবে সেটা Check করে নিয়েছে, তাই এখানে আমরা And function টি ব্যবহার করেছি।

OR Function এর সমাধান:

যে কোন একটি বিষয়ে ৪০ বা উপরে পেলে পাস অর্থাৎ বাংলা, ইংলিশ বা অংকে যে কোন এক বিষয়ে পাস করলেই পাস। আর যদি কেউ কোন একটি বিষয়ে পাস করতে ব্যর্থ হয়, তাহলে সে অকৃতকার্য বলে গণ্য হবে। এখানেও প্রায় আগের মত সিস্টেম, তবে এখানে And এর বদলে Or ব্যবহার করা হবে।

শর্ত ১: $B3 \geq 40$

শর্ত ২: $C3 \geq 40$

শর্ত ৩: $D3 \geq 40$

এবার এই শর্তগুলোকে OR Function এর ভিতরে বসিয়ে দিলে এমন হবে

$OR(B3 \geq 40, C3 \geq 40, D3 \geq 40)$ -এভাবেই সহজে OR function তৈরি করা যায়। এবার আমাদের OR function ও If function একসাথে সমন্বয় করতে হবে। এজন্য আমরা এবার IF এর শর্ত লিখে নেব বাংলায় তারপর সেটিকে English এ কনভার্ট করে নিব।

যদি কেউ একবিষয়েও পাস করে তাহলে পাস, না হলে ফেল

$=IF(OR(B3 \geq 40, C3 \geq 40, D3 \geq 40), "PROMOTED", "NOT promoted")$

এখানেও কিন্তু আগের মত এক বিষয়ে পাসের বদলে পুরো OR function কপি করে দেয়া হয়েছে। কারণটা নিশ্চয়ই আপনারা বুঝতে পেরেছেন। এভাবেই আপনার AND ও OR ফাংশন ব্যবহার করে If ফাংশন এর সাথে সমন্বয় করে অনেক জটিল কাজও খুব সহজেই খুবই অল্প সময়ের মধ্যে শেষ করতে পারবেন।

এবার চলুন Excel এ একটি উদাহরণ দেখে নিই ছবি সহ:

প্রথমেই এরকম একটি Excel Sheet তৈরি করে নিই:

	A	B	C	D	E	F
1	AND					
2	Name	Bangla	English	Math	Total Marks	Result
3	Bristi	87	62	89		
4	Hira	55	31	78		
5	Raihan	29	48	65		
6	Arman	82	54	90		
7	Kamrul	36	74	70		
8	Johan	55	64	85		
9	OR					
10	Name	Bangla	English	Math	Total Marks	Result
11	Bristi	87	62	89		
12	Hira	55	31	78		
13	Raihan	29	48	65		
14	Arman	82	54	90		
15	Kamrul	36	74	70		
16	Johan	55	64	85		

তারপর নিচের মত যোগ করে নিই

AND

Name	Bangla	English	Math	Total Marks	Result
Bristi	87	62	89	=SUM(B3:D3)	
Hira	55	31	78		
Raihan	29	48	65		
Arman	82	54	90		
Kamrul	36	74	70		
Johan	55	64	85		

ফিল হ্যান্ডেল ব্যবহার করি

AND

Name	Bangla	English	Math	Total Marks	Result
Bristi	87	62	89	238	
Hira	55	31	78		
Raihan	29	48	65		
Arman	82	54	90		
Kamrul	36	74	70		
Johan	55	64	85		

AND

Name	Bangla	English	Math	Total Marks	Result
Bristi	87	62	89	238	
Hira	55	31	78	164	
Raihan	29	48	65	142	
Arman	82	54	90	226	
Kamrul	36	74	70	180	
Johan	55	64	85	204	

ঠিক এই ভাবে OR এর Total Marks এর ঘরের মানগুলো আপনারা নিজে নিজে বসান। আশা করি আপনারা পারবেন। ঠিক উপরের মত করলে আমরা নিচের ছবির মত মান পাবো।

OR

Name	Bangla	English	Math	Total Marks	Result
Bristi	87	62	89	238	
Hira	55	31	78	164	
Raihan	29	48	65	142	
Arman	82	54	90	226	
Kamrul	36	74	70	180	
Johan	55	64	85	204	

এখন আমরা আমাদের IF Function টা বসাবো নিচের ছবি দেখুন (AND Function এর ক্ষেত্রে)

Result

=IF(AND(B3>=40,C3>=40,D3>=40),"Promoted","Not Promoted")

IF(logical_test, [value_if_true], [value_if_false])

AND

Name	Bangla	English	Math	Total Marks	Result
Bristi	87	62	89	238	Promoted
Hira	55	31	78	164	
Raihan	29	48	65	142	
Arman	82	54	90	226	
Kamrul	36	74	70	180	
Johan	55	64	85	204	

Fill Handle করে আমরা পাই

AND						
Name	Bangla	English	Math	Total Marks	Result	
Bristi	87	62	89	238	Promoted	
Hira	55	<u>31</u>	78	164	<u>Not Promoted</u>	
Raihan	<u>29</u>	48	65	142	<u>Not Promoted</u>	
Arman	82	54	90	226	Promoted	
Kamrul	<u>36</u>	74	70	180	<u>Not Promoted</u>	
Johan	55	64	85	204	Promoted	

এবার OR Function এর জন্য আমরা লিখবো--নিচের ছবি দেখুন

Result									
=IF(OR(B11>=40,C11>=40,D11>=40),"Promoted","Not Promoted")									
IF(logical_test, [value_if_true], [value_if_false])									
OR Checks whether any of the arguments are TRUE, and returns TRUE or FALSE. Returns FALSE only if all arguments are FALSE									

এবার এন্টার দিন,

9	OR					
10	Name	Bangla	English	Math	Total Marks	Result
11	Bristi	87	62	89	238	Promoted
12	Hira	55	31	78	164	
13	Raihan	29	48	65	142	
14	Arman	82	54	90	226	
15	Kamrul	36	74	70	180	
16	Johan	55	64	85	204	

এখন Fill Handle করে আমরা পাই

OR						
Name	Bangla	English	Math	Total Marks	Result	
Bristi	87	62	89	238	Promoted	
Hira	55	31	78	164	Promoted	
Raihan	29	48	65	142	Promoted	
Arman	82	54	90	226	Promoted	
Kamrul	36	74	70	180	Promoted	
Johan	55	64	85	204	Promoted	

নিচের ছবিতে দেখুন আমি Hira এর মার্ক চেঞ্জ করে দিয়েছি। অর্থাৎ Hira কে ৩ বিষয়ে ফেল করার মত মার্ক দিয়ে দিয়েছি। ফলে Hira এর রেজাল্ট Not Promoted শো করছে।

OR

Name	Bangla	English	Math	Total Marks	Result
Bristi	87	62	89	238	Promoted
Hira	25	31	30	86	Not Promoted
Raihan	29	48	65	142	Promoted
Arman	82	54	90	226	Promoted
Kamrul	36	74	70	180	Promoted
Johan	55	64	85	204	Promoted

If Function এর AND এবং OR Chapter টি শেষ করার পূর্বে আমি আবার বলতে চাই-

AND এর অর্থ হচ্ছে আমার সবগুলো শর্ত সত্য হলেই তবে And Function টি সত্য হবে অর্থাৎ AND সত্য হতে হলে আমার সকল শর্ত সত্য হতে হবে, একটিও মিথ্যা হলে And Function টিও মিথ্যা হবে।

OR এর অর্থ হচ্ছে আমার সবগুলো শর্ত থেকে যেকোন একটি শর্ত সত্য হলেই OR Function টি সত্য হবে অর্থাৎ OR সত্য হতে হলে আমার যেকোন একটি শর্ত সত্য হতে হবে, কেবল সবগুলো শর্ত মিথ্যা হলেই OR Function টিও মিথ্যা হবে।

আশা করি আপনাদের বুঝতে কোন কষ্ট হয়নি। এতক্ষণ যা শিখলেন তা ভালোভাবে Practise করুন।

IF function ব্যবহার করে সম্পূর্ণ Grade Sheet তৈরি করুন

গত অধ্যায়ে And ও Or function নিয়ে আলোচনা করেছিলাম, আশা করি আপনাদের বুঝতে কোন সমস্যা হয়নি। এই অধ্যায়ে আমি Excel এর IF, AND, OR এই ফাংশন গুলো নিয়ে একত্রে আলোচনা করবো এবং একই সাথে কিভাবে আপনারা Grade Sheet তৈরি করতে পারেন এ সম্পর্কে আলোচনা করবো।

এখন আমরা যে বিষয়গুলো নিয়ে আলোচনা করবো:

- ✓ কিভাবে আপনারা প্রাপ্ত মার্ক কে Grade এ কনভার্ট করবেন?
- ✓ কিভাবে আপনারা Grade Point কে Grade এ রূপান্তরিত করবেন?
- ✓ কিভাবে Grade Point থেকে Grade Sheet তৈরি করবেন?

আশা করি আপনারা উপরের বিষয়গুলোর সমাধান যদি ভালভাবে বুঝতে পারেন, তাহলে আপনার যে কোন প্রকার গ্রেডশীট বা রেজাল্ট শীট খুব সহজেই প্রস্তুত করতে পারবেন।

আমরা নিচে প্রস্তুত করা শীটের তথ্যগুলো নিয়ে কাজ করবো:

Grade Point Table		
80-100	A+	5
70-79	A	4
60-69	A-	3.5
50-59	B	3
40-49	C	2.75
0-39	F	0

উপরের ছবিতে আপনি দেখতে পাচ্ছেন একটি Grade Point Table। আমরা আমাদের রেজাল্ট শীটটি উপরের Table হিসেবে তৈরি করব।

	A	B	C	D	E	F	G	H	I	J	K	L	M	N	O
1	RESULT SHEET														
2	Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade
3	Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade		
4	Pinky	78			82			65			50				
5	Hira	63			75			50			85				
6	Arman	81			85			76			80				
7	Mumu	72			86			73			83				
8	Nafisa	45			90			71			60				
9	Jannat	68			45			69			53				
10	Zakir	36			65			60			32				
11	Kamrul	52			38			65			40				
12	Ripon	60			75			38			65				

দেখুন উপরের ছবিতে ০৯ জনের ডাটা দেয়া আছে। আমি অবশ্য এখানে 4th subject বা Optional বিষয়টি Add করিনি। তবে আপনারা কেউ চিন্তা করবেন না কারণ আমি এই অধ্যায়ের একটা পরিপূর্ণ রেজাল্ট সীট কিভাবে তৈরি করতে হয় তা আমি দেখিয়ে দিব, কিন্তু তার আগে আপনাকে আমি এখন যেই সীটটি করব সেটি প্রথমে করতে হবে।

উপরের ছবিতে দেখুন আমি প্রতিটি বিষয়ের জন্য তিনটি ঘর করেছি একটি হলো প্রাপ্ত নম্বর আরেকটি হল গ্রেড পয়েন্ট এবং শেষেরটি হলো গ্রেড।

	A	B	C	D	E	F	G	H	I	
1	RESULT SHEET									
2	Name/ID	BANGLA			MATH			ENGLISH		
3	Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	
4	Pinky	78			82			65		
5	Hira	63			75			50		
6	Arman	81			85			76		
7	Mumu	72			86			73		
8	Nafisa	45			90			71		
9	Jannat	68			45			69		
10	Zakir	36			65			60		

এখন কিভাবে আপনারা মার্কস থেকে Grade Point এ আসতে পারেন সেটা দেখাবো। উপরের মত Bangla এর GPA ঘর নিচের সেলটি সিলেক্ট করুন। তারপর নিচের ছবির মত ঐ ঘরে সূত্রটি Entry করেন এবং এন্টার প্রেস করেন।

B	C	D	E	F	G	H	I	J	K	L	
BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
78	=IF(B4>=80,5,IF(B4>=70,4,IF(B4>=60,3.5,IF(B4>=50,3,IF(B4>=40,2.75,0))))										
62			75			50			85		

আপনাদের সাথে যেহেতু আগেও সূত্র নিয়ে বিশদ ভাবে আলোচনা করেছি তাই এখানে খুবই shortly শুধুমাত্র শর্তগুলো নিয়ে আলোচনা করছি। আর এখানে Cell Address B4 নিজে লিখেছি আপনারা চাইলে 78 এর উপর ক্লিক করলেই হবে, তা নিয়েও কিন্তু আমি আগে তবুও আবার বললাম। আপনারা অনেকেই হয়ত সূত্র দেখেই শর্ত গুলো বুঝতে পারছেন তারপরেও বলছি, এখানে পর্যায়ক্রমে শর্তগুলো হলো, যদি কেউ 80-100 এর ভিতর নম্বর পায় তাহলে '5' পয়েন্ট, যদি কেউ 70-79 এর ভিতর নম্বর পায় তাহলে '4' পয়েন্ট, যদি কেউ 60-69 এর ভিতর নম্বর পায় তাহলে '3.5' পয়েন্ট, যদি কেউ 50-59 এর ভিতর নম্বর পায় তাহলে '3' পয়েন্ট, যদি কেউ 40-49 এর ভিতর নম্বর পায় তাহলে '2.75' পয়েন্ট পাবে আর অন্যথায় 0 পয়েন্ট পাবে। এবার এই শর্তগুলো আপনারা ছোট ছোট করে ভাগ করে নিন, তারপর জোড়া লাগিয়ে দিন দেখুন হয়ে যাবে। লক্ষ করুন এখানে কিন্তু শেষে ৫ টা ব্র্যাকেট দেয়া হয়েছে, কারণ এখানে ৫ টা IF আছে। এখানে আরো একটা ব্যাপার আগে কিন্তু আমরা IF ব্যবহার করে যখন Pass, Fail বের করছি তখন কিন্তু আমরা “ ” Inverted Comma ব্যবহার করেছি। এখানে কিন্তু আমরা করিনি কারণ হল, এগুলো সবই Number, আর Number এর সাথে Inverted comma ব্যবহার করতে হয়না। যদি করা হয় তাহলে এটি String এ রূপান্তরিত হয়ে যাবে। Inverted comma ব্যবহার করতে হবে যখন Character নিয়ে কাজ করা হয়। এবার নিচের ছবির মত Fill handle ধরে নিচের দিকে Drag করুন।

RESULT SHEET												
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
Pinky	78	4		82			65			50		
Hira	63			75			50			85		
Arman	81			85			76			80		
Mumu	72			86			73			83		
Nafisa	45			90			71			60		
Jannat	68			45			69			53		
Zakir	36			65			60			32		
Kamrul	52			38			65			40		
Ripon	60			75			38			65		

Fill Handle করার পর

RESULT SHEET												
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
Pinky	78	4		82			65			50		
Hira	63	3.5		75			50			85		
Arman	81	5		85			76			80		
Mumu	72	4		86			73			83		
Nafisa	45	2.75		90			71			60		
Jannat	68	3.5		45			69			53		
Zakir	36	0		65			60			32		
Kamrul	52	3		38			65			40		
Ripon	60	3.5		75			38			65		

উপরের ছবিতে বাংলাতে সকলের গ্রেড পয়েন্ট আমরা বের করে ফেলেছি। এখন কি আমরা আবার Math, English এবং Physics এর জন্য আবার সূত্র লিখবো? না আমাদের আর সূত্র লিখতে হবে না। তাহলে আমরা কিভাবে বের করব বাকি গ্রেড পয়েন্ট গুলো, দেখুন তাহলে।

আপনি প্রথমে Pinky এর গ্রেড পয়েন্ট অর্থাৎ 4 এর উপর আপনার Mouse এর কার্সর রাখুন অথবা Select করুন

	A	B	C	D	E	F	G	H	I	J
1	RESULT SHEET									
2	Name/ID	BANGLA			MATH			ENGLISH		
3	Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
4	Pinky	78	4		82			65		
5	Hira	63	3.5		75			50		
6	Arman	81	5		85			76		
7	Mumu	72	4		86			73		

এখন ঐ Cell টির উপর অর্থাৎ 4 এর উপর আপনার Mouse এর Right Button ক্লিক করুন, ক্লিক করার পর নিচের ছবির মত অপশন আসবে সেখান থেকে Copy select করুন অথবা আপনি Ctrl+C দিয়েও Cell টি কপি করতে পারেন

Name/ID	BANGLA		MAATUL		EN
Name	Marks	GPA	Marks	GPA	Marks
Pinky	78		82		65
Hira	63				50
Arman	81				76
Mumu	72				73
Nafisa	45	2			71
Jannat	68				69
Zakir	36				60
Kamrul	52				65
Ripon	60				38

আসলে আমাদের cell টি কপি করার মূল উদ্দেশ্য হচ্ছে ফর্মুলাটি কপি করা, সেলটি কপি করায় মানে ফর্মুলাটি কপি করা।

এখন আমরা নিচের ছবিতে দেখানো জায়গাগুলোতে আমাদের কপি করা সেলটির মান Paste করে দিব

A	B	C	D	E	F	G	H	I	J	K	L	M
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

RESULT SHEET

Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
Pinky	78	4		82			65			50		
Hira	63	3.5		75			50			85		
Arman	81	5		85			76			80		
Mumu	72	4		86			73			83		
Nafisa	45	2.75		90			71			60		
Jannat	68	3.5		45			69			53		
Zakir	36	0		65			60			32		
Kamrul	52	3		38			65			40		
Ripon	60	3.5		75			38			65		

Paste করার জন্য keyboard থেকে Ctrl+V চাপুন অথবা যেই সেল এ Paste করবেন সেই Cell টির উপর Right Button click করে Paste option select করুন

RESULT SHEET

BANGLA		MATH		ENGLISH		PHYSICS	
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks
8	4		82				
3	3.5		75				
1	5		85				
2	4		86				
5	2.75		90				
8	3.5		45				
6	0		65				
2	3		38				
0	3.5		75				

আশা করি আপনারা বুঝতে পেরেছেন। আমাদের মার্ক করা ঘরগুলোতে Paste করার পর নিচের ছবির মত হবে

RESULT SHEET

Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade		
Pinky	78	4		82	5		65	3.5		50	3			
Hira	63	3.5		75			50			85				
Arman	81	5		85			76			80				
Mumu	72	4		86			73			83				
Nafisa	45	2.75		90			71			60				
Jannat	68	3.5		45			69			53				
Zakir	36	0		65			60			32				
Kamrul	52	3		38			65			40				
Ripon	60	3.5		75			38			65				

এখন আমরা আমাদের সীট এর প্রতিটি GPA এর ঘর এর Fill Handle করব নিচের ছবি দেখুন

RESULT SHEET												
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
Pinky	78	4		82	5		65	3.5		50	3	
Hira	63	3.5		75			50			85		
Arman	81	5		85			76			80		
Mumu	72	4		86			73			83		
Nafisa	45	2.75		90			71			60		
Jannat	68	3.5		45			69			53		
Zakir	36	0		65			60			32		
Kamrul	52	3		38			65			40		
Ripon	60	3.5		75			38			65		

আমরা উপরের ছবির মত পর্যায়ক্রমে Math, English এবং Physics এর GPA Fill Handle করব। Fill Handle করার পরে নিচের ছবির মত সমস্ত নাম্বার গ্রেড পয়েন্ট এ কনভার্ট হয়ে যাবে।

RESULT SHEET												
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
Pinky	78	4		82	5		65	3.5		50	3	
Hira	63	3.5		75	4		50	3		85	5	
Arman	81	5		85	5		76	4		80	5	
Mumu	72	4		86	5		73	4		83	5	
Nafisa	45	2.75		90	5		71	4		60	3.5	
Jannat	68	3.5		45	2.75		69	3.5		53	3	
Zakir	36	0		65	3.5		60	3.5		32	0	
Kamrul	52	3		38	0		65	3.5		40	2.75	
Ripon	60	3.5		75	4		38	0		65	3.5	

এখন আমাদের গ্রেড পয়েন্ট এর কাজ শেষ হয়েছে এবার আমরা গ্রেডটা বের করব অর্থাৎ কে কোন গ্রেড পেয়েছে তা বের করব।

Grade বের করার জন্য আপনারা নিচের ছবিতে দেখানো স্থানে অর্থাৎ Pinky এর Grade ঘরে সিলেক্ট করুন

	A	B	C	D	E	F	G	H	I	
1	RESULT SHEET									
2	Name/ID	BANGLA			MATH			ENGLISH		
3	Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Gr
4	Pinky	78	4		82	5		65	3,5	
5	Hira	63	3,5		75	4		50	3	
6	Arman	81	5		85	5		76	4	
7	Mumu	72	4		86	5		73	4	
8	Nafisa	45	2,75		90	5		71	4	

উপরের ছবিতে সিলেক্ট করা ঘরে নিচের ছবির মত সূত্র লিখুন

BANGLA			MATH			ENGLISH			PHYSICS			Total GP.
Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	
78	4	=IF(C4 =5,"A+",IF(C4>=4,"A",IF(C4>=3,5,"A-",IF(C4>=3,"B",IF(C4>=2,75,"C","F")))))										
63	3,5		75	4		50	3		80	5		
81	5		85	5		76	4		80	5		

উপরের ছবির সূত্রটা আশা করি বুঝতে পেরেছেন, এখানকার শর্ত গুলো এরূপ, যদি কেউ ৫ পয়েন্ট পাই তাহলে A+, যদি কেউ ৪ পয়েন্ট থেকে ৫ পয়েন্টের ভিতরে পাই তাহলে A, যদি কেউ ৩.৫-৪ পয়েন্টের মধ্যে পাই তাহলে A-, যদি কেউ ৩-৩.৫ পয়েন্ট এর ভিতর পাই তাহলে B, আর যদি কেউ ২.৭৫-৩ পয়েন্ট এর মধ্যে পাই C grade আর অন্যথায় F Grade পাবে। উপরের সূত্রের মত রেজাল্ট আসবে

RESULT SHEET

Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
Pinky	78	4	A	82	5		65	3.5		50	3	
Hira	63	3.5		75	4		50	3		85	5	
Arman	81	5		85	5		76	4		80	5	
Mumu	72	4		86	5		73	4		83	5	
Nafisa	45	2.75		90	5		71	4		60	3.5	
Jannat	68	3.5		45	2.75		69	3.5		53	3	
Zakir	36	0		65	3.5		60	3.5		32	0	
Kamrul	52	3		38	0		65	3.5		40	2.75	
Ripon	60	3.5		75	4		38	0		65	3.5	

উপরের ছবিতে আপনি Grade A দেখতে পারছেন। এখন নিচের দিকে Drag করে Fill Handle করুন

RESULT SHEET												
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
Pinky	78	4	A	82	5		65	3.5		50	3	
Hira	63	3.5	A-	75	4		50	3		85	5	
Arman	81	5	A+	85	5		76	4		80	5	
Mumu	72	4	A	86	5		73	4		83	5	
Nafisa	45	2.75	C	90	5		71	4		60	3.5	
Jannat	68	3.5	A-	45	2.75		69	3.5		53	3	
Zakir	36	0	F	65	3.5		60	3.5		32	0	
Kamrul	52	3	B	38	0		65	3.5		40	2.75	
Ripon	60	3.5	A-	75	4		38	0		65	3.5	

উপরের ছবিতে আপনারা বাংলাতে সকলের Grade দেখতে পারছেন

এখন আমরা পূর্বের মত আবার Pinky এর Grade A অর্থাৎ Cell টি কপি করব এবং নিচের ছবিতে দেখানো স্থানে Paste করব

RESULT SHEET													
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			To
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	To
Pinky	78	4	A	82	5		65	3.5		50	3		
Hira	63	3.5	A-	75	4		50	3		85	5		
Arman	81	5	A+	85	5		76	4		80	5		
Mumu	72	4	A	86	5		73	4		83	5		
Nafisa	45	2.75	C	90	5		71	4		60	3.5		
Jannat	68	3.5	A-	45	2.75		69	3.5		53	3		
Zakir	36	0	F	65	3.5		60	3.5		32	0		
Kamrul	52	3	B	38	0		65	3.5		40	2.75		
Ripon	60	3.5	A-	75	4		38	0		65	3.5		

Paste করার নিচের ছবির মত Grade আসবে

RESULT SHEET													
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			To
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	To
Pinky	78	4	A	82	5	A+	65	3.5	A-	50	3	B	
Hira	63	3.5	A-	75	4		50	3		85	5		
Arman	81	5	A+	85	5		76	4		80	5		
Mumu	72	4	A	86	5		73	4		83	5		
Nafisa	45	2.75	C	90	5		71	4		60	3.5		
Jannat	68	3.5	A-	45	2.75		69	3.5		53	3		
Zakir	36	0	F	65	3.5		60	3.5		32	0		
Kamrul	52	3	B	38	0		65	3.5		40	2.75		
Ripon	60	3.5	A-	75	4		38	0		65	3.5		

উপরের ছবিতে দেখানো জায়গায়গুলোতে Fill Handle করুন। সবগুলো Fill Handle করার পর নিচের ছবির মত আসবে

RESULT SHEET												
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS		
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade
Pinky	78	4	A	82	5	A+	65	3.5	A-	50	3	B
Hira	63	3.5	A-	75	4	A	50	3	B	85	5	A+
Arman	81	5	A+	85	5	A+	76	4	A	80	5	A+
Mumu	72	4	A	86	5	A+	73	4	A	83	5	A+
Nafisa	45	2.75	C	90	5	A+	71	4	A	60	3.5	A-
Jannat	68	3.5	A-	45	2.75	C	69	3.5	A-	53	3	B
Zakir	36	0	F	65	3.5	A-	60	3.5	A-	32	0	F
Kamrul	52	3	B	38	0	F	65	3.5	A-	40	2.75	C
Ripon	60	3.5	A-	75	4	A	38	0	F	65	3.5	A-

উপরের ছবিতে আপনারা দেখতে পাচ্ছেন আমরা Number থেকে Grade point এবং Grade point থেকে Grade এ convert করেছি। কিন্তু আমরা এখন পর্যন্ত যা বের করেছি তা হল প্রত্যেকের প্রতিটি আলাদা বিষয়ের GPA এবং Grade। এখন আমাদের কাজ হচ্ছে প্রত্যেকের Total GPA এবং Grade বের করা।

Total GPA বের করার জন্য নিচের ছবিতে দেখানো স্থানে ক্লিক করুন

RESULT SHEET												
	ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade				
Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade						
A+	65	3.5	A-	50	3	B						
A	50	3	B	85	5	A+						
A+	76	4	A	80	5	A+						
A+	73	4	A	83	5	A+						
A+	71	4	A	60	3.5	A-						

উপরের ছবিতে দেখানো স্থানে নিচের সূত্রটি লিখুন

RESULT SHEET

Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade		
Pinky	78	4	A	82	5	A+	65	3.5	A-	50	3	B	=IF(AND(C4>=2.75,F4>=2.75,I4>=2.75,L4>=2.75),(C4+F4+I4+L4)/4,0)	
Hira	63	3.5	A-	75	4	A	50	3	B	85	5	A+	=IF(logical_test, [value_if_true], [value_if_false])	
Arman	81	5	A+	85	5	A+	76	4	A	80	5	A+		
Mumu	72	4	A	86	5	A+	73	4	A	83	5	A+		
Nafisa	45	2.75	C	90	5	A+	71	4	A	60	3.5	A-		
Jannat	68	3.5	A-	45	2.75	C	69	3.5	A-	53	3	B		
Zakir	36	0	F	65	3.5	A-	60	3.5	A-	32	0	F		
Kamrul	52	3	B	38	0	F	65	3.5	A-	40	2.75	C		
Ripon	60	3.5	A-	75	4	A	38	0	F	65	3.5	A-		

সূত্রটি নিচে আবার দিলাম

=IF(AND(C4>=2.75,F4>=2.75,I4>=2.75,L4>=2.75),(C4+F4+I4+L4)/4,0)

আপনারা আশা করি উপরের সূত্রটি বুঝতে পেরেছেন বুঝতে না পারলেও সমস্যা নাই আমি বুঝিয়ে দিচ্ছি। আমি প্রথমে And function ব্যবহার করেছি, And function নিয়ে পরে কথা বলছি। And function এর পরে আমি গড় বের করেছি; বাংলা, ইংরেজি, গণিত ও পদার্থবিজ্ঞান এর GPA যোগ করে 4 দিয়ে ভাগ করেছি কারণ বিষয় ৪টি।

এখন আমি উপরের সূত্রটিকে আমি আরেকভাবে লিখতে পারি, সেইটা আপনারা কিভাবে লিখবেন তাও দেখিয়ে দিচ্ছি তবে রেজাল্ট বের করার সময় যেটি আপনার থেকে সহজ মনে হবে সেটি ব্যবহার করবেন

=IF(AND(C4>=2.75,F4>=2.75,I4>=2.75,L4>=2.75),AVERAGE(C4,F4,I4,L4),0)

উপরের ছবির সূত্রটা ভাল ভাবে লক্ষ করুন এবং বোঝার চেষ্টা করুন। এখানে প্রথমে AND ব্যবহার করে দেখা হয়েছে যে ঐ স্টুডেন্ট সব বিষয়ে পাস করেছে কিনা? যদি পাস করে তাহলে তার GPA ক্যালকুলেট করবে Otherwise 0 দেখাবে, কারণ যদি কেউ সব বিষয়ে পাস না করে তাহলে তার GPA ক্যালকুলেট করে কোন লাভ নেই। আমাদের এখানে যেহেতু ৪০ এর উপরে পাস অর্থাৎ ২.৭৫ এর নিচে পেলেই ফেল, তাই আমরা প্রথমে চেক করে নিয়েছি যে স্টুডেন্ট সব বিষয়ে ২.৭৫ এর উপরে নম্বর পেয়েছে কিনা? যদি পাই তাহলেই আমরা তার Grade Point এর Average করবো অন্যথায় Average করবো না। সূত্রে দেখুন, প্রথমে চেক হয়েছে সব বিষয়ে ২.৭৫ এর উপরে আছে কিনা, যদি থাকে তাহলে Average করবে অন্যথায় 0 দেখাবে। এখানে দেখুন AVERAGE করার জন্য আমি AVERAGE এর সূত্র ব্যবহার করেছি। তারপর সূত্র লেখা হয়ে গেলে Enter প্রেস করুন। নিচের ছবির মত আসবে Fill Handle use করুন।

RESULT SHEET														
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade		
Pinky	78	4	A	82	5	A+	65	3.5	A-	50	3	B	3.875	
Hira	63	3.5	A-	75	4	A	50	3	B	85	5	A+		
Arman	81	5	A+	85	5	A+	76	4	A	80	5	A+		
Mumu	72	4	A	86	5	A+	73	4	A	83	5	A+		
Nafisa	45	2.75	C	90	5	A+	71	4	A	60	3.5	A-		
Jannat	68	3.5	A-	45	2.75	C	69	3.5	A-	53	3	B		
Zakir	36	0	F	65	3.5	A-	60	3.5	A-	32	0	F		
Kamrul	52	3	B	38	0	F	65	3.5	A-	40	2.75	C		
Ripon	60	3.5	A-	75	4	A	38	0	F	65	3.5	A-		

Fill handle ব্যবহার করার পর

RESULT SHEET														
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			Total GPA	T.
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade		
Pinky	78	4	A	82	5	A+	65	3.5	A-	50	3	B	3.875	
Hira	63	3.5	A-	75	4	A	50	3	B	85	5	A+	3.875	
Arman	81	5	A+	85	5	A+	76	4	A	80	5	A+	4.75	
Mumu	72	4	A	86	5	A+	73	4	A	83	5	A+	4.5	
Nafisa	45	2.75	C	90	5	A+	71	4	A	60	3.5	A-	3.8125	
Jannat	68	3.5	A-	45	2.75	C	69	3.5	A-	53	3	B	3.1875	
Zakir	36	0	F	65	3.5	A-	60	3.5	A-	32	0	F	0	
Kamrul	52	3	B	38	0	F	65	3.5	A-	40	2.75	C	0	
Ripon	60	3.5	A-	75	4	A	38	0	F	65	3.5	A-	0	

এখন আমাদের শেষ যেটি বের করতে হবে সেটি হচ্ছে Total GPA এর ভিত্তিতে Grade বের করা, নিচের ছবিতে দেখানো ঘরে সূত্র লিখুন

RESULT SHEET

Grade	ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade
	Marks	GPA	Grade	Marks	GPA	Grade		
F	65	3.5	A-	50	3	B	3.875	
	50	3	B	85	5	A+	3.875	
F	76	4	A	80	5	A+	4.75	
F	73	4	A	83	5	A+	4.5	
F	71	4	A	60	3.5	A-	3.8125	
	69	3.5	A-	53	3	B	3.1875	
	60	3.5	A-	32	0	F	0	
	65	3.5	A-	40	2.75	C	0	
	38	0	F	65	3.5	A-	0	

উপরের ছবিতে দেখানো স্থানে নিচের সূত্রটি লিখুন

Total GPA	T. Grade
3.875	
3.875	
4.75	

উপরের ছবির সূত্রটা আশা করি বুঝতে পেরেছেন, এখানকার শর্ত গুলো এরূপ, যদি কেউ ৫ পয়েন্ট পাই তাহলে A+, যদি কেউ ৪ পয়েন্ট থেকে ৫ পয়েন্টের ভিতরে পাই তাহলে A, যদি কেউ ৩.৫-৪ পয়েন্টের মধ্যে পাই তাহলে A-, যদি কেউ ৩-৩.৫ পয়েন্ট এর ভিতর পাই তাহলে B, আর যদি কেউ ২.৭৫-৩ পয়েন্ট এর মধ্যে পাই C grade আর অন্যথায় F Grade পাবে। একটা জিনিস খেয়াল করুন এই সূত্রটা আমরা পূর্বেও লিখেছিলাম যখন বিভিন্ন বিষয়ের Grade বের করেছিলাম তখন। এখন আপনারা চাইলে উপরের সূত্রটি লিখতে পারেন অথবা আগের মোট কপি করে বসিয়ে দিন বেশ আপনার কাজ শেষ। সূত্রটি লিখে Enter দিলে নিচের ছবির মোট আসবে

	PHYSICS			Total GPA	T. Grade
Grade	Marks	GPA	Grade		
-	50	3	B	3,875	A-
-	85	5	A+	3,875	
-	80	5	A+	4,75	
-	83	5	A+	4,5	
-	60	3,5	A-	3,8125	
-	53	3	B	3,1875	
-	32	0	F	0	
-	40	2,75	C	0	
-	65	3,5	A-	0	

এবার Fill Handle করে আমরা পাই,

RESULT SHEET														
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade		
Pinky	78	4	A	82	5	A+	65	3,5	A-	50	3	B	3,875	A-
Hira	63	3,5	A-	75	4	A	50	3	B	85	5	A+	3,875	A-
Arman	81	5	A+	85	5	A+	76	4	A	80	5	A+	4,75	A
Mumu	72	4	A	86	5	A+	73	4	A	83	5	A+	4,5	A
Nafisa	45	2,75	C	90	5	A+	71	4	A	60	3,5	A-	3,8125	A-
Jannat	68	3,5	A-	45	2,75	C	69	3,5	A-	53	3	B	3,1875	B
Zakir	36	0	F	65	3,5	A-	60	3,5	A-	32	0	F	0	F
Kamrul	52	3	B	38	0	F	65	3,5	A-	40	2,75	C	0	F
Ripon	60	3,5	A-	75	4	A	38	0	F	65	3,5	A-	0	F

আমাদের Result Sheet তৈরি করা শেষ, আশা করি আপনারা বুঝতে পেরেছেন।

Complete Result কিভাবে তৈরি করবেনঃ আমি উপরের তৈরি করা রেজাল্ট সীট এর মাধ্যমে কিভাবে ৪র্থ বা 4th বিষয় হিসাব করবেন তা দেখাবো। উপরের রেজাল্ট সীটটি এর মধ্যে আপনি যেই টোটাল জিপিএ ও টোটাল গ্রেড বের করেছি সেই মান গুলো ডিলিট করে দিন, সীটটি তখন নিচের ছবির মত হবে,

RESULT SHEET														
Name/ID	BANGLA			MATH			ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade
Name	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade	Marks	GPA	Grade		
Pinky	78	4	A	82	5	A+	65	3.5	A-	50	3	B		
Hira	63	3.5	A-	75	4	A	50	3	B	85	5	A+		
Arman	81	5	A+	85	5	A+	76	4	A	80	5	A+		
Mumu	72	4	A	86	5	A+	73	4	A	83	5	A+		
Nafisa	45	2.75	C	90	5	A+	71	4	A	60	3.5	A-		
Jannat	68	3.5	A-	45	2.75	C	69	3.5	A-	53	3	B		
Zakir	36	0	F	65	3.5	A-	60	3.5	A-	32	0	F		
Kamrul	52	3	B	38	0	F	65	3.5	A-	40	2.75	C		
Ripon	60	3.5	A-	75	4	A	38	0	F	65	3.5	A-		

এবার আমরা পদার্থবিজ্ঞানকে ৪র্থ বিষয় হিসেবে ধরে নিব। এখন নিচের ছবির দেখানো জায়গায় আমরা আমাদের সূত্র লিখবো

RESULT SHEET									
Grade	ENGLISH			PHYSICS			Total GPA	T. Grade	
	Marks	GPA	Grade	Marks	GPA	Grade			
P	65	3.5	A-	50	3	B	3.875		
	50	3	B	85	5	A+	3.875		
P	76	4	A	80	5	A+	4.75		
P	73	4	A	83	5	A+	4.5		
P	71	4	A	60	3.5	A-	3.8125		
	69	3.5	A-	53	3	B	3.1875		
	60	3.5	A-	32	0	F	0		
	65	3.5	A-	40	2.75	C	0		
	38	0	F	65	3.5	A-	0		

সূত্র, =IF(AND(C4,G4,J4,M4>=2.75),IF(M4>2.75,(C4+G4+J4+M4-2.75)/3,(C4+G4+J4)/3),0)

সূত্রের ব্যাখ্যাঃ উপরের সূত্রটিতে প্রথমে আমরা AND ফর্মুলা দিয়ে Pinky কি সব বিষয়ে পাশ করেছে কিনা তা পরীক্ষা করেছি, যদি সব বিষয়ে পাশ করে তাহলে তাঁর জিপিএ দেখাবে আর না হলে 0 দেখাবে।

এরপরে আমরা check করেছি যে যদি pinky পদার্থবিজ্ঞানে ২.৭৫ এর বেশি জিপিএ পায় তাহলে সবগুলো বিষয়ের জিপিএ যোগ করে তাঁর থেকে ২.৭৫ বিয়োগ দিয়েছি, (কারণ আপনারা জানেন যে ৪র্থ বিষয়ের জিপিএ থেকে ২ বিয়োগ করা হয়) বিয়োগ করার পড়ে মোট বিষয় (৪র্থ বিষয় বাদে) ৩ দিয়ে ভাগ দিয়েছি। আর যদি ৪র্থ বিষয়ে ২.৭৫ এর কম পায় তাহলে বাকি তিন বিষয়ের জিপিএ যোগ করে ৩ দ্বারা ভাগ করেছি, সূত্রটি প্রয়োগ করার পর pinky এর মোট জিপিএ দেখুন, 4.5

বি.দ্রঃ এখানে ৪র্থ বিষয়ের সর্বনিম্ন জিপিএ ২.৭৫ ধরা হয়েছে কিন্তু আমাদের HSC & SSC এর ক্ষেত্রে তা ২ হয়, কিন্তু সূত্র সব সময় একই থাকবে শুধু মান পরিবর্তন হবে।

Total GPA	T. Grade
4.5	

এবার Fill Handle করুন।

আর গ্রেড এর ক্ষেত্রে আগের সূত্র প্রয়োগ করুন,

Total GPA	T. Grade
3.875	=IF(N4=5,"A+",IF(N4>=4,"A",IF(N4>=3.5,"A-",IF(N4>=3,"B",IF(N4>=2.75,"C","F")))))
4.75	IF(logical_test, [value_if_true], [value_if_false])

আশা করি আপনারা এখন পূর্ণ একটি রেজাল্ট শীট তৈরি করতে পারবেন।

উল্লেখ্য এখানে ব্যবহার করা সমস্ত শর্ত কিন্তু আপনারা Grade Point Table এর মধ্যে পাবেন। এভাবেই আপনারা মার্ক থেকে Grade এ, Grade থেকে Grade Point, Grade Point থেকে Grade আপনাদের রেজাল্ট কে পরিবর্তিত করতে পারবেন। আশা করি Conversion এর সিস্টেম গুলো আপনার কাছে পরিষ্কার হয়ে গেলে যে কোন Grade Sheet বা Result Sheet আপনারা নিজেসাই তৈরি করতে পারবেন। আর যাদের এটি কঠিন মনে হয়েছে তাদের জন্য পরের অধ্যায়ে কিভাবে Lookup function এর মাধ্যমে সহজে Result Sheet তৈরি করা যায় তা দেখাবো।

**Lookup Function ব্যবহার করে রেজাল্ট তৈরি করুন সহজে, এখন আপনিও
অবশ্যই পারবেন**

গত অধ্যায়ে আপনাদের বলেছিলাম, যারা IF function বুঝতে পারবে না তাদের জন্য আমি এত সহজ একটা রেজাল্ট তৈরি করার পদ্ধতি দিবো যে, যা ব্যবহার করে যে কেউ Excel এ রেজাল্ট শীট তৈরি করতে পারবেন। আজ আমরা আগের রেজাল্ট শীটটাই তৈরি করবো কিন্তু আগের মতো IF ব্যবহার না করে আমরা এবার Lookup Function ব্যবহার করবো। ধরি আমাদের প্রয়োজনীয় শর্তগুলো নিচের ছবির টেবিলের মত

Grade Point Table

80-100	A+	5
70-79	A	4
60-69	A-	3.5
50-59	B	3
40-49	C	2.75
0-39	F	0

ছবি অনুযায়ী দেখুন:

৮০-১০০ এর ভিতর নম্বর পেলে A+ অথবা ৫.০০

৭০-৭৯ এর ভিতর নম্বর পেলে A অথবা ৪.০০

৬০-৬৯ এর ভিতর নম্বর পেলে A- অথবা ৩.৫০

৫০-৫৯ এর ভিতর নম্বর পেলে B অথবা ৩.০০

৪০-৪৯ এর ভিতর নম্বর পেলে C অথবা ২.৭৫

০-৩৯ এর ভিতর নম্বর পেলে F অথবা ০.০০

আশা করি এটা আপনারা সবাই বুঝতে পেরেছেন, এবার LOOKUP function কিভাবে তৈরি করবো তা দেখে নিই:

খুবই সোজা প্রথমে যে সেলে নম্বর থাকবে সেই সেল নম্বর, তারপর সর্বনিম্ন নম্বরগুলো কমা দিয়ে লিখতে হবে, তারপর গ্রেড গুলো কমা দিয়ে লিখতে হবে, ব্যস হয়ে গেলো রেজাল্ট তৈরি। বুঝতে অসুবিধা হচ্ছে একটা উদাহরণ দেখুন সব ক্লিয়ার হয়ে যাবে:

=LOOKUP(D3,{0,40,50,60,70,80},{“F”,“C”,“B”,“A-”,“A”,“A+”})

উপরের সূত্রে দেখুন প্রথমে Equal to sign তারপর LOOKUP লেখা হয়েছে তারপর প্রথম বন্ধনী (, তারপর প্রথমজনের মার্ক উপর ক্লিক, তারপর আবার কমা (,) এরপর একটি ২য় বন্ধনী { শুরু হয়েছে, এখানে সর্বনিম্ন মার্কগুলি লেখা হয়েছে কমা ব্যবহার করে, তারপর ২য় বন্ধনী } শেষ, এরপর আবার একটি কমা দেয়া হয়েছে ও পরবর্তীতে আবার একটি ২য় বন্ধনী শুরু হয়েছে, যার মধ্যে কমা দিয়ে গ্রেডগুলো লেখা হয়েছে, তারপর ২য় বন্ধনী }শেষ ও সবশেষে ১ম বন্ধনী) দ্বারা শেষ করা হয়েছে। এখানে একটা জিনিস খেয়াল রাখতে হবে যে সর্বনিম্ন মানের সাথে মিলিয়ে গ্রেড গুলো লিখতে হবে। আপনারা উপরের সূত্রটিতেই দেখতে পাচ্ছেন যে 0 প্রথমে আছে তার সাথে মিলিয়ে F প্রথমে দেওয়া আছে, বাকিগুলো মিলিয়ে দেখুন।

সংক্ষেপে, প্রথমে Lookup function তারপর প্রাপ্ত নম্বর, তারপর সর্বনিম্ন মার্ক, তারপর সর্বনিম্ন মার্ক এর সাথে মিলিয়ে গ্রেড আর বন্ধনী গুলো আপনারা একটু ছবি দেখে ঠিক করে নিন।

এবার আপনাদের জন্য কিছু উদাহরণ করে দিয়ে দিলাম:

নিচের মত Excel sheet প্রস্তুত করুন:

	A	B	C	D	E
1	LOOKUP FUNCTION				
2	Name/ID	ENGLISH			
3	Name	Marks	Marks to GPA	Marks to Grade	GPA to Grade
4	Pinky	78			
5	Hira	63			
6	Arman	81			
7	Mumu	72			
8	Nafisa	45			
9	Jannat	68			
10	Zakir	36			
11	Kamrul	52			
12	Ripon	60			

তারপর সূত্র লেখা শুরু করুন। বিঃ দ্রঃ সবসময় প্রথম জনের নম্বর নিয়ে কাজ করবেন।

👉 আমি প্রথমে Marks থেকে GPA তে conversion করে দেখাবো

LOOKUP FUNCTION					
Name/ID	ENGLISH				
Name	Marks	Marks to GPA	Marks to Grade	GPA to	
Pinky	B4 78	=LOOKUP(B4			
Hira	63	LOOKUP(lookup_value, lookup_vector, [result_vector]) LOOKUP(lookup_value, array)			
Arman	81				

নিচের ছবির মত সূত্র লেখা শেষ করুন

ENGLISH			
Marks	Marks to GPA	Marks to Grade	GPA to Grade
78	=LOOKUP(B4,{0,40,50,60,70,80},{"F","C","B","A-","A","A+"})		
63			
81			

এন্টার প্রেস করুন ও Fill Handle use করুন

LOOKUP FUNCTION				
Name/ID	ENGLISH			
Name	Marks	Marks to GPA	Marks to Grade	GPA to Grade
Pinky	78	A		
Hira	63			
Arman	81			
Mumu	72			
Nafisa	45			
Jannat	68			
Zakir	36			
Kamrul	52			
Ripon	60			

তাহলেই নিচের ছবির মত mark থেকে grade এ convert হয়ে যাবে।

LOOKUP FUNCTION

Name/ID	ENGLISH		
Name	Marks	Marks to GPA	Marks to Grade
Pinky	78	A	
Hira	63	A-	
Arman	81	A+	
Mumu	72	A	
Nafisa	45	C	
Jannat	68	A-	
Zakir	36	F	
Kamrul	52	B	
Ripon	60	A-	

এবার আমরা marks to Grade point এ conversion করবো

সূত্র লিখুন এখানে প্রথমে Cell Address তারপর সর্বনিম্ন মার্কগুলো কমা দিয়ে লিখুন তারপর ঐ মার্ক পেলে কত পয়েন্ট পাবে তা লিখুন

ENGLISH			
Marks	Marks to GPA	Marks to Grade	GPA to Grade
78	A	=LOOKUP(B4,{0,40,50,60,70,80},{0,2.75,3,3.5,4,5})	
63	A-		
81	A+		

LOOKUP(lookup_value, lookup_vector, [result_vector])
 LOOKUP(lookup_value, array)

এন্টার প্রেস করুন ও Fill Handle ব্যবহার করুন

LOOKUP FUNCTION

Name/ID	ENGLISH			
Name	Marks	Marks to GPA	Marks to Grade	GPA
Pinky	78	A		4
Hira	63	A-		
Arman	81	A+		
Mumu	72	A		
Nafisa	45	C		
Jannat	68	A-		
Zakir	36	F		
Kamrul	52	B		
Ripon	60	A-		

তাহলেই নিচের ছবির মত সমস্ত মার্ক Grade point এ কনভার্ট হয়ে যাবে।

LOOKUP FUNCTION				
Name/ID	ENGLISH			
Name	Marks	Marks to GPA	Marks to Grade	GPA to Grade
Pinky	78	A		4
Hira	63	A-		3.5
Arman	81	A+		5
Mumu	72	A		4
Nafisa	45	C		2.75
Jannat	68	A-		3.5
Zakir	36	F		0
Kamrul	52	B		3
Ripon	60	A-		3.5

এবার আমরা Grade point থেকে Grade এ রূপান্তর করবো

নিচের মত সূত্র লিখুন

Marks to Grade	GPA to Grade						
D4	4	=LOOKUP(D4,{0,2.75,3,3.5,4,5},{"F","C","B","A-","A","A+"})					
	3.5						
	5						

এন্টার প্রেস করুন ও Fill Handle ব্যবহার করুন

LOOKUP FUNCTION

Name/ID	ENGLISH			
Name	Marks	Marks to GPA	Marks to Grade	GPA to Grade
Pinky	78	A	4	A
Hira	63	A-	3.5	
Arman	81	A+	5	
Mumu	72	A	4	
Nafisa	45	C	2.75	
Jannat	68	A-	3.5	
Zakir	36	F	0	
Kamrul	52	B	3	
Ripon	60	A-	3.5	



তাহলেই সমস্ত Grade point, Grade এ রূপান্তরিত হয়ে যাবে।

LOOKUP FUNCTION				
Name/ID	ENGLISH			
Name	Marks	Marks to GPA	Marks to Grade	GPA to Grade
Pinky	78	A	4	A
Hira	63	A-	3.5	A-
Arman	81	A+	5	A+
Mumu	72	A	4	A
Nafisa	45	C	2.75	C
Jannat	68	A-	3.5	A-
Zakir	36	F	0	F
Kamrul	52	B	3	B
Ripon	60	A-	3.5	A-

আশা করি আপনারা এখন থেকে খুব সহজেই Excelএ রেজাল্ট শীট তৈরি করতে পারবেন এবং কারোরই কোন সমস্যা হবেনা। এখন আপনি চাইলে IF function দিয়ে বা Lookup function দিয়ে আপনার ইচ্ছামত রেজাল্ট সীট তৈরি করতে পারেন। এরপরেও কোন সমস্যা হলে আমাকে মেইলে বা ফেসবুকে জানাতে পারেন।

Formula তে Space এবং Line Braek দিন

আমরা যখন কোন ফর্মুলা বা সূত্র লিখি তখন তা একেই লাইন এ থাকে মাঝে আমাদের সূত্র বোঝার জন্য বা সূত্র সুন্দর দেখানোর জন্য Space/Line Braek এর প্রয়োজন হয়। নিচের ছবির সূত্রটি দেখুন

	A	B
1	=IF(B1>10000,B1*5,B1*3)	12000
2		

এখন আমরা যদি চাই সূত্রটিকে ভেঙ্গে ভেঙ্গে লিখবো তখন আমরা যেখানে Line break দিতে চাই সেখানে Alt+Enter চাপুন তারপর দেখবেন নতুন লাইন হয়েছে, নিচের ছবি দেখুন

	A	B
1	=IF(12000
2	B1>10000,	Alt+Enter
3	B1*5,	
4	B1*3)	

আশা করি আর কিছু বলতে হবে না।


Print করার সময় কিভাবে গ্রিডলাইনসহ প্রিন্ট করবেন

এই অধ্যায়ে আমরা দেখবো আমরা কিভাবে এক্সেল এ গ্রিডলাইন প্রিন্ট করতে পারি। আপনারা হয়তোবা লক্ষ্য করেছেন এক্সেল এ কাজ করার সময় প্রত্যেক ঘর এর চারপাশে যে হালকা কালারের বর্ডার বা গ্রিডলাইন দেখায় সেটা কিন্তু প্রিন্ট করার সময় প্রিন্ট হয়না। এখন আমরা দেখবো কিভাবে কত সহজে এটি প্রিন্ট করা যায়।


প্রথমেই নিচের মত একটি Sheet এক্সেল এ প্রস্তুত করুন।

	A	B	C
1	Add First Name & Last Name		
2	First Name	Last Name	Full Name
3	Mainul	Haque	Mainul Haque
4	Mofassel	Haque	Mofassel Haque
5	Tanbir	Ahmad	Tanbir Ahmad
6	Kamrul	Hasan	Kamrul Hasan
7	Zakir	Hossain	Zakir Hossain
8	Janntaul	Ferdous	Janntaul Ferdous
9	Ariful	Islam	Ariful Islam
10	Towfiq	Ahmad	Towfiq Ahmad
11	Saidul	Arman	Saidul Arman


Excel-10 → তারপর File Menu/Tab থেকে Print এ যান, print ok দেওয়ার পর নিচের ছবির মত আসবে



Excel-07 → তারপর Home মেনু থেকে Print > Print Preview তে যান



Excel-10 → আপনি নিচের ছবিতে দেখানো স্থানে ক্লিক করলে জুম করে দেখতে পারবেন



Excel-07 → নিচের ছবির মত আসবে এর উপর একবার ক্লিক করলে বড় করে দেখার জন্য

The image shows a zoomed-in view of the same Excel spreadsheet. The text "Click to Zoom" is written in purple over the table. The table data is the same as in the previous image:


First Name	Last Name	Full Name
Mainul	Haque	Mainul Haque
Mofassel	Haque	Mofassel Haque
Tanbir	Ahmad	Tanbir Ahmad
Kamrul	Hasan	Kamrul Hasan
Zakir	Hossain	Zakir Hossain
Janntaul	Ferdous	Janntaul Ferdous
Ariful	Islam	Ariful Islam
Towfiq	Ahmad	Towfiq Ahmad
Saidul	Arman	Saidul Arman

উভয় ক্ষেত্রে জুম করার পর পেজটি এমন আসবে দেখতে।

Add First Name & Last Name

First Name	Last Name	Full Name
Mainul	Haque	Mainul Haque
Mofassel	Haque	Mofassel Haque
Tanbir	Ahmad	Tanbir Ahmad
Kamrul	Hasan	Kamrul Hasan
Zakir	Hossain	Zakir Hossain
Janntaul	Ferdous	Janntaul Ferdous
Ariful	Islam	Ariful Islam
Towfiq	Ahmad	Towfiq Ahmad
Saidul	Arman	Saidul Arman


উপরের ছবিতে লক্ষ করেছেন কোন প্রকার বক্স বা গ্রিডলাইন আসেনি। তার অর্থ এগুলো সাদা পেজের উপর প্রিন্ট হবে। কিন্তু ইচ্ছা করলে আমরা একটি অপশন enable করেই এই কাজটি করতে পারি। এজন্য নিচের ছবির মত Page Setup অথবা Print titles এ ক্লিক করুন।




The screenshot shows the Microsoft Excel ribbon with the 'Page Layout' tab selected. The 'Print Titles' option is highlighted with a red box. Below the ribbon, the spreadsheet grid is visible, showing the same table as above, with the title 'Add First Name & Last Name' in red text.

Add First Name & Last Name		
Name	Last Name	Full Name
ul	Haque	Mainul Haque
assel	Haque	Mofassel Haque

তারপর নিচের ছবির মত একটি উইন্ডো আসবে



এবার Sheet Tab এর উপর ক্লিক করুন। নিচের মত আসবে Gridlines এর পাশের checkbox এ একটা check mark দিন। তারপর Ok করুন



এবার দেখুন Gridlines গুলো Print Preview mode এ দেখা যাচ্ছে তার অর্থ এগুলো এখন print করা যাবে।

Add First Name & Last Name		
First Name	Last Name	Full Name
Mainul	Haque	Mainul Haque
Mofassel	Haque	Mofassel Haque
Tanbir	Ahmad	Tanbir Ahmad
Kamrul	Hasan	Kamrul Hasan
Zakir	Hossain	Zakir Hossain
Janntaul	Ferdous	Janntaul Ferdous
Ariful	Islam	Ariful Islam
Towfiq	Ahmad	Towfiq Ahmad
Saidul	Arman	Saidul Arman

আরও একভাবে gridlines প্রিন্ট করানো যায়। এজন্য print preview close করে মেইন ডকুমেন্ট এ ফেরৎ যান এবং নির্দিষ্ট অংশ সিলেক্ট করুন

	A	B	C
1	Add First Name & Last Name		
2	First Name	Last Name	Full Name
3	Mainul	Haque	Mainul Haque
4	Mofassel	Haque	Mofassel Haque
5	Tanbir	Ahmad	Tanbir Ahmad
6	Kamrul	Hasan	Kamrul Hasan
7	Zakir	Hossain	Zakir Hossain
8	Janntaul	Ferdous	Janntaul Ferdous
9	Ariful	Islam	Ariful Islam
10	Towfiq	Ahmad	Towfiq Ahmad
11	Saidul	Arman	Saidul Arman

তারপর Home Menu এর under থেকে ছবিতে দেখানো স্থানে ক্লিক করুন


Mainul Haque Hira
Wanwan Ferdous Hira

Mobile No→ 01917822808


EMAIL: hira.ctg@gmail.com // hira_ctg28@yahoo.com

FACEBOOK: <http://facebook.com/hira28>

Website: <http://hiractg.blogspot.com> (Book)//
<http://bloggingdice.blogspot.com> (Blogging & Tips)



নিচের মত একটি উইন্ডো আসবে। এখানে ছবিতে দেখানো স্থানে Numbering অনুযায়ী ক্লিক করুন।



এবার আবারো Print Preview তে ক্লিক করুন, তাহলে নিচের মত Print Preview পাবেন।

Add First Name & Last Name		
First Name	Last Name	Full Name
Mainul	Haque	Mainul Haque
Mofassel	Haque	Mofassel Haque
Tanbir	Ahmad	Tanbir Ahmad
Kamrul	Hasan	Kamrul Hasan
Zakir	Hossain	Zakir Hossain
Janntaul	Ferdous	Janntaul Ferdous
Ariful	Islam	Ariful Islam
Towfiq	Ahmad	Towfiq Ahmad
Saidul	Arman	Saidul Arman

এভাবেই আমরা এক্সেলে Gridlines গুলো প্রিন্ট করতে পারি। আশা করি আপনারা বুঝতে পেরেছেন।

Excel ব্যবহার করেই Time Value of Money এর অংক করুন

এই অধ্যায়ে আমরা Finance এর কিছু বেসিক এবং গুরুত্বপূর্ণ অংক Excel এর সাহায্যে সমাধান। আপনারা যারা Finance পড়েছেন তারা সবাই জানেন যে, Time Value of Money, Finance এর জন্য খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয় এবং Time value of money এর ২টি গুরুত্বপূর্ণ বিষয় হল Present Value (PV) ও Future Value (FV). আশা করি আপনারা যারা Finance নিয়ে পড়েছেন বা পড়ছেন তাদের আশা করি আর কিছু বলতে হবেনা। আর Finance নিয়ে পড়ছেন না তারাও বুঝতে পারবে। এই সমস্যা গুলো বাস্তব জীবনের সাথে জড়িত। আমরা এখন ২টি উদাহরণ দেখবো এবং এই দুটি এক্সেল ব্যবহার করে Solve করবো।

↳ Present Value এর উদাহরণ:

Problem:

Suppose you are depositing an amount today in an account that earns 7% interest, compounded annually. If your goal is to have 600000 in the account at the end of five years, how much must you deposit in the account today?

মনে করুন, আপনার ব্যাংক ৭% চক্রবৃদ্ধি হারে সুদ দেয়। এখন আপনি যদি ৫ বছর পরে ৬০০০০০ টাকা জমাতে চান তাহলে এখন আপনার কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে?

সাধারণত এই অংকের সমাধান করার জন্য আপনারা এই সূত্র ব্যবহার করেন:

$$PV = \frac{FV}{(1+r)^t}$$

দেয়া আছে,

Future Value = 600000tk

Interest Rate = 7% or 0.07

Number of Periods = 5yrs

এই মানগুলোই উপরের সূত্রে বসিয়ে দিলেই এই অংকের সমাধান হয়ে যাবে।

এখন এই একই অংক যদি আপনি এক্সেল এ করেন তাহলে আপনার কোন প্রকার সূত্র জানার দরকার নাই।

আবার যদি আপনার জানতে ইচ্ছা হয় Interest rate 5%, 6%, 8%..... ইত্যাদি হলে কি হবে - তাহলে আপনার কোন প্রকার ক্যালকুলেশন না করে সংখ্যা পরিবর্তন করে দিলেই হবে।

আবার যদি জানতে চান ১০০০০০০ টাকা জমাতে গেলে কত টাকা রাখতে তাহলেও এগুলো এক ক্লিকে করা সম্ভব। তাহলে চলুন এই অংক এক্সেল এ কিভাবে সমাধান করবো তা দেখে নিই:

প্রথমেই নিচের ছবির মত প্রশ্নে দেয়া তথ্য গুলো Entry করুন।

	A	B	
1	Present Value		
2	Interest Rate	7%	
3	Number of Years	5	
4	Future Value	-600000	
5			
6	Present Value	?	
7			

এখানে দেখুন ৬০০০০০ এর আগে বিয়োগ বা '-' চিহ্ন দেয়া হয়েছে। কারণ টাকাটাতো বাকী আছে। আর '-' চিহ্ন না দিলেও হবে তবে রেজাল্ট লাল কালারে আসবে।

এখন যে ঘরে PV বের করতে চান সেই ঘরে ক্লিক করে প্রথমেই = চিহ্ন দিন তারপর লিখুন PV(, এটুকু লিখলেই আপনাকে সূত্রে কি কি Element দরকার তা দেখিয়ে দিবে

Present Value	
Interest Rate	7%
Number of Years	5
Future Value	-600000
Present Value	=PV(PV(rate, nper, pmt, [fv], [type])

যেমন এখানে Rate, nper, pmt, [fv], type লাগবে। এবার আমরা এগুলোর সাথে আমাদের বাস্তবের অর্থগুলো একটু মিলিয়ে নিবো। যেমন:

Rate = Interest Rate এটা সহজেই বোঝা যায়।

nper = এটার অর্থ Number of Periods (আরো সহজে বললে বলা যায়, বছরে আপনি যে কয়টা Payment বা Installment দিবেন)

FV = কোন কিছুর ভবিষ্যৎ মূল্য

PV = কোন কিছুর বর্তমান মূল্য

PMT = Payment বা প্রতি Installment এ টাকার পরিমাণ

type = এটা সাধারণ ০ বা ১ হয়, মাসের প্রথমে payment করলে ১ আর মাসের শেষে payment করলে ০ type হিসেবে দিতে পারেন, আর কোন কিছু না দিলেও হবে। সাধারণত কোন কিছু না দিলে ০ হিসেবে ধরে নেয়।

এবার নিচের ছবির দিকে তাকান যেহেতু প্রথমে Rate দিতে হবে তাই 7% এর উপর ক্লিক করেছি।

Present Value	
Interest Rate	7%
Number of Years	5
Future Value	-600000
Present Value	=PV(B2,

PV(rate, nper, pmt, [fv], [type])

তারপর দেখুন nper ও pmt চেয়েছে তাই প্রথমে ৫ এর উপর ক্লিক করেছি আর এখানে যেহেতু কোন payment নেই, তাই এটাকে ০ করে দিন।

Present Value	
Interest Rate	7%
Number of Years	5
Future Value	-600000
Present Value	=PV(B2,B3,0

PV(rate, nper, pmt, [fv], [type])

তারপর 600000 এর উপর ক্লিক করুন, কারণ এটা FV।

Present Value	
Interest Rate	7%
Number of Years	5
Future Value	-600000
Present Value	=PV(B2,B3,0,B4)

PV(rate, nper, pmt, [fv], [type])

সবশেষে এন্টার প্রেস করুন আর দেখুন রেজাল্ট তৈরি হয়ে গিয়েছে

Present Value	
Interest Rate	7%
Number of Years	5
Future Value	-600000
Present Value	\$427,791.71

উপরের ছবিতে দেখুন আমার Present Value এর আগে একটি ডলার সাইন এসেছে (আপনার আসতেও পারে না আসতেও পারে)। ডলার সাইন আসলেও কিন্তু এটি টাকা কারন আমরা input দিয়েছি টাকা। এখন কথা হচ্ছে আপনি কি ডলার সাইন টা রাখবেন? যদি রাখেন তাহলে সমস্যা হতে পারে কারন আপনি


হিসাব করছেন টাকায়। যদি না রাখেন তাহলে সাইন পরিবর্তন করে টাকার সাইন দিবেন নাকি কোন সাইন দিবেন না। আপনি চাইলে দুটির যে কোন একটি করতে পারেন। আমি দুটি নিয়মেই দেখিয়ে দিচ্ছি আপনার যেইটা ইচ্ছা সেইটা ব্যবহার করবেন।

যদি কোন সাইন না রাখতে চান তাহলে প্রথমে আপনি যেই সেলে সাইন না রাখতে চান সেই সেল সিলেক্ট করে নিন অর্থাৎ সেলটির উপর মাউস দিয়ে ক্লিক করুন, তারপর নিচের দেখানো স্থানে যান

The screenshot shows the Excel ribbon with the 'Currency' button highlighted. A red arrow points to the dropdown arrow next to it. The spreadsheet below shows the following data:


B	C	D
Value		
7%	Click করুন	
5		
-600000		
\$427,791.71		

ছবিতে দেখানো স্থানে যান যেখানে Currency লেখা আছে। ছবিতে যেখানে ক্লিক করতে বলা হয়েছে সেখানে ক্লিক করুন, ক্লিক করার পর নিচের ছবির মত আসবে




উপরের ছবিতে দেখানো General option টি সিলেক্ট করুন তারপর দেখুন ডলার সাইনটা চলে গিয়েছে।


যদি ডলার সাইন এর পরিবর্তে টাকার চিহ্ন আনতে চান তাহলে আগের মত আপনার কাজিত সেলটি সিলেক্ট করে নিচের ছবিতে দেখানো স্থানে যান




উপরের ছবিতে দেখানো More Accounting Formats ক্লিক করুন অথবা আপনি যেই সেলটির সাইন পরিবর্তন করতে চান সেই সেলটির উপর Mouse Right Button click করুন, ক্লিক করার পর নিচের মত অপশন আসবে সেখান থেকে Format Cell click করুন



উভয় ক্ষেত্রেই নিচের মত নতুন window আসবে



ছবিতে দেখানো স্থানে ক্লিক করুন, দেখাবেন একটি Dropdown menu আসবে সেখান থেকে নিচে দেখানো symbol টি সিলেক্ট করুন



এরপর Ok দিন, তারপর ঠিক নিচের মত দেখতে পাবেন

Present Value	
Interest Rate	7%
Number of Years	5
Future Value	-600000
Present Value	฿ 427,791.71

এখন আমি আর কোন সাইন দেবোনা।

এখন হয়ত আপনি জানতে চান ১০% ইন্টারেস্ট রেট হলে কি হত তাহলে ৫% এর উপর ক্লিক করুন ও ১০ লিখে এন্টার প্রেস করুন। ব্যাস এটুকুই।

Present Value	
Interest Rate	10%
Number of Years	5
Future Value	-600000
Present Value	372552.79

আবার হয়ত আপনি বিভিন্ন Interest Rate এর জন্য রেজাল্ট কত আসতো জানতে চান। তাহলে আপনার আর আবার করার দরকার নেই। শুধুমাত্র প্রশ্নে দেয়া information গুলো দিন।

Present Value				
Interest Rate	7%	5%	8%	10%
Number of Years	5	5	5	5
Future Value	-600000	-600000	-600000	-600000
Present Value	427791.71			

তারপর প্রথম Present Value amount এর উপর ক্লিক করুন ও আগের মত ডান পাশে Fill Handle ব্যবহার করুন। আর দেখুন প্রতিটার জন্য রেজাল্ট চলে আসছে।

Present Value				
Interest Rate	7%	5%	8%	10%
Number of Years	5	5	5	5
Future Value	-600000	-600000	-600000	-600000
Present Value	427791.71	470115.70	408349.92	372552.79

আমাদের Present Value of Money এর কাজ শেষ। এবার আসব Future value of Money এর অংকে।

Future Value Example:

Suppose you are depositing a 100000tk today in an account that earns 10% interest, compounded annually. What will be the balance in the account at the end of six years if you make no withdrawals?

ধরি, আপনি আজ ব্যাংকে ১০০০০০ টাকা জমা রাখলেন এখন ব্যাংক যদি আপনাকে ১০% চক্রবৃদ্ধি হারে সুদ দেয়, তাহলে ৬ বছর পর আপনি কত টাকা পাবেন?

সাধারণত এই অংকের সমাধান করার জন্য আপনারা এই সূত্র ব্যবহার করেন:

$$FV = PV(1 + r)^t$$

দেয়া আছে,

Present Value = 100000tk

Interest Rate = 10% or 0.1

Number of Periods = 6yrs

এই একই অংক এক্সেল এ করতে চাইলে যা করবেন:

প্রথমেই প্রাপ্ত ইনফরমেশন থেকে নিচের মত একটি টেবিল প্রস্তুত করি।

	A	B
1	Future Value	
2	Interest Rate	10%
3	Number of Years	6
4	Present Value	-100000
5		
6	Future Value	
7		

যে ঘরে রেজাল্ট বের করবেন সেখানে ক্লিক =FV(তারপর ইন্টাররেস্ট রেট এর উপর ক্লিক, তারপর ৬ এর উপর, তারপর একটি ০ দিন কারণ এখানে PMT দেয়া নেই, তারপর ১০০০০০ এর উপর ক্লিক করুন ও সবশেষে ব্রাকেট শেষ করুন।

Future Value	
Interest Rate	10%
Number of Years	6
Present Value	-100000
Future Value	=FV(B2,B3,0,B4)

Enter press করুন।

	A	B
1	Future Value	
2	Interest Rate	10%
3	Number of Years	6
4	Present Value	-100000
5		
6	Future Value	177156.10

আপনি যদি অন্যান্য ইন্টারেস্ট রেট এর জন্য কত টাকা পাবেন তা জানতে তাহলে নিচের মত টেবিল প্রস্তুত করে Fill Handle ব্যবহার করুন।

Future Value				
Interest Rate	10%	9%	11%	12%
Number of Years	6	6	6	6
Present Value	-100000	-100000	-100000	-100000
Future Value	177156.10	167710.01	187041.46	197382.27

আশা করি আপনারা বুঝতে পেরেছেন। এই অধ্যায় এখানেই শেষ।

Goal Seek কি ও কিভাবে ব্যবহার করবেন

এখন আমরা Excel এর Goal Seek option এর ব্যবহার করা শিখবো।

Goal Seek কেন ব্যবহার করবেন?

মনে করুন আপনি একটি বাড়ি করতে চান এজন্য আপনি ব্যাংক থেকে ৫০০০০০০ টাকা ঋণ নিবেন। এখন আপনি চিন্তা করে দেখলেন যে আপনি মাসে ৫০০০০ টাকা কিস্তি দিতে পারবেন, ধরুন ব্যাংকের Interest rate ১২% এক্ষেত্রে আপনার টাকাটা শোধ করতে কতদিন সময় দরকার? এই ধরনের নির্দিষ্ট কোন বিষয়ে জানার জন্য সাধারণত Goal Seek option ব্যবহার করা হয়।

